গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি সিটি কলেজ
ওয়েব: www.rgcc.ac.bd, ই-মেইল: prin2388@yahoo.com, EIIN : 126489
ফোন: ০৭২১৭৭২৩৮৮, ফ্যাক্স : ০৭২১৮১২৬৩২

তারিখ:১৮/০৫/২০২৩ খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাজশাহী সরকারি সিটি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তির জন্য ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করার জন্য বলা হচ্ছে। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে যথাযথ ভাবে পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্ট নিতে হবে।

ভর্তির প্রক্রিয়া:

নির্বাচিত শিক্ষার্থীরা রাজশাহী সরকারি সিটি কলেজের ওয়েবসাইট (www.rgcc.ac.bd) এর Honours admissions মেনুতে প্রবেশ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি রোল নম্বর ব্যবহার করে নিম্নবর্ণিত পদ্ধতিতে ভর্তির জন্য নির্ধারিত ফি (নিচে উল্লেখিত আছে) ডাচ-বাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আগামী ০৬/০৬/২০২৩ থেকে ১৪/০৬/২০২৩ তারিখের মধ্যে পেমেন্ট করে প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে (যে বিভাগে ভর্তির জন্য মনোনিত হয়েছে) জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বলা হলো।

### রকেটের মাধ্যমে ভর্তি ফি প্রদান পদ্ধতি

শিক্ষার্থীকে রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী এর নির্ধারিত ওয়েবসাইট (www.rgcc.ac.bd) গিয়ে Hon's Admission Link এ ক্লিক করলে একটি রোল চাইবে, এক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদনের সময় প্রাপ্ত রোল প্রদান করলে একটি তথ্য ফরম আসবে, তা যথাযথভাবে পূরণ করে Submit করলে একটি Ref.ID ও Password পাওয়া যাবে। এরপর Login Button এ ক্লিক করে Ref.ID ও Password দিয়ে Login করলে Payment Information পাওয়া যাবে এই Payment Information এ উল্লেখিত টাকা DBBL এর মোবাইল একাউন্ট/Rocket এর মাধ্যমে প্রদান করতে হবে। এরপর Login Page টি Refresh করে Confirmation Slip ও Admission Form Download করে প্রিন্ট করতে হবে।

শুধুমাত্র রকেট অ্যাপ এর মাধ্যমে টাকা পেমেন্ট করতে হবে:

১. আপনার রকেট অ্যাপ টি ওপেন করুন।
২. মেন্যু থেকে বিল পে অপশন টি সিলেক্ট করুন।
৩. রাজশাহী সরকারি সিটি কলেজের Biller ID ২৩৬৩ সার্চ করুন।
৪. ২৩৬৩ বিলার আইডি সিলেক্ট করুন।
৫. Student ID -এ তে আপনার Admission Roll দিন।
৬. Validate বাটনে চাপ দিন।
৭. আপনার তথ্য এবং টাকার পরিমান যাচাই করে ok বাটনে চাপ দিন।
৮. PIN টাইপ করুন।
৯. কনফার্ম বাটনে চাপ দিন।
১০. পেমেন্ট সম্পূর্ণ হলে আপনার কনফার্মেশন স্লিপটি ডাউনলোড করুন।

**বিষয় ভিত্তিক টাকার পরিমান**

| বিষয় | টাকা | বিষয় | টাকা |
|---|---|---|---|
| বাংলা | ২,৯৭৫/- | গনিত | ৩,২২৫/- |
| ইংরেজি | ২,৯৭৫/- | রসায়ন | ৩,২২৫/- |
| ইতিহাস | ২,৯৭৫/- | উদ্ভিদবিদ্যা | ৩,২২৫/- |
| ইস:ইতিহাস ও সংস্কৃতি | ২,৯৭৫/- | প্রাণীবিদ্যা | ৩,২২৫/- |
| দর্শন | ২,৯৭৫/- | পদার্থবিদ্যা | ৩,২২৫/- |
| রাষ্ট্রবিজ্ঞান | ২,৯৭৫/- | হিসাববিজ্ঞান | ২,৯৭৫/- |
| অর্থনীতি | ২,৯৭৫/- | ব্যবস্থাপনা | ২,৯৭৫/- |

### ভর্তির প্রয়োজনীয় কাগজপত্র

ক. প্রাথমিক আবেদন ফরম এবং স্বাক্ষর সহ চূড়ান্ত আবেদন ফরম;
খ. এইচ.এস.সি (সমমান) পরীক্ষার নম্বরপত্র/ট্রান্সক্রিপ্টের মূলকপি ও এক কপি ফটোকপি;
গ. সদ্যতোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;
ঘ. কোটায় ভর্তির ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি;
ঙ. অনলাইনে (রকেট অ্যাপসের মাধ্যমে) টাকা জমা দেয়ার রশিদ;
চ. আইডি কার্ডের তথ্য সম্পর্কিত কপি; (স্পষ্ট অক্ষরে লিখতে হবে)।

প্রয়োজনীয় যোগাযোগ (সকাল ১১:০০টা হতে দুপুর ১:০০টার মধ্যে যোগাযোগ করুন।)

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মিজানুর রহমান | সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান | ০১৭৪৫২৬২১০৩ |
| ০২ | জনাব নাসিমা খাতুন | প্রভাষক, ইস. ইতিহাস ও সংস্কৃতি | ০১৭১৮৬৯০৯৬৭ |
| ০৩ | জনাব মোঃ মাসুদ রানা | প্রভাষক, হিসাববিজ্ঞান | ০১৭১৯৩৬৪৬০৫ |

প্রতি স্বাক্ষর 07.6.23

আহ্বায়ক 7.5.23
২০২২-২০২৩ শিক্ষাবর্ষে সম্মান ১ম বর্ষ ভর্তি কমিটি
রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী।

অধ্যক্ষ
রাজশাহী সরকারি সিটি কলেজ
রাজশাহী

*[বি:দ্র: ভর্তির জন্য আইডি কার্ডের তথ্য ফরম অত্র কলেজের ওয়েবসাইটে পাওয়া যাবে।]*

# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৩/২৭৭২

তারিখ: ০৪/০৬/২০২৩

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন, ২য় মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও ২য় মেধা তালিকা ০৬ জুন ২০২৩ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১৩ জুন ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে।

২য় মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম অনলাইন থেকে ডাউনলোড করে এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে ।<br>ক) বিষয় পরিবর্তনের ভর্তি ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।<br>খ) বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। | ০৬/০৬/২০২৩ থেকে ১৪/০৬/২০২৩ |
| ২) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি নিতে হবে। | ০৬/০৬/২০২৩ থেকে ১৪/০৬/২০২৩ |
| ৩) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে চূড়ান্ত ভর্তি ফরমসহ রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি জমা দেয়ার তারিখ: | ০৭/০৬/২০২৩ থেকে ১৫/০৬/২০২৩ |
| ৪) | কলেজ কর্তৃক ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ০৭/০৬/২০২৩ থেকে ১৮/০৬/২০২৩ |
| ৫) | সংশ্লিষ্ট কলেজকে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Honours) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১৯/০৬/২০২৩ থেকে ২২/০৬/২০২৩ |

০৪.০৬.২০২৩
(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৩/২৭৭২

তারিখ: ০৪/০৬/২০২৩

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অফিস কপি

০৪/০৬/২০২৩
(মোঃ কামরুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার (সম্মান)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল- *drughonours@gmail.com*